

দৈনিক কর্ণফুলী

১৬ সেপ্টেম্বর ২০০৮ ইং মঙ্গলবার ০১ আশ্বিন ১৪১৫ বাংলা

চট্টগ্রাম ভাষা ফাউন্ডেশনের ক্ষুদ্রঋণ বিষয়ক কর্মশালা

আবাস (চট্টগ্রাম): বেসরকারি উন্নয়ন সংস্থা ভাষা ফাউন্ডেশনের উদ্যোগে প্রতিষ্ঠানের চট্টগ্রামের কর্নেল হাটস্থ কার্যালয়ে ক্ষুদ্রঋণের মাধ্যমে সচ্ছলতা শীর্ষক ক্ষুদ্রঋণ বিষয়ক এক কর্মশালা গতকাল অনুষ্ঠিত হয়। এতে প্রতিষ্ঠানের চেয়ারম্যান প্রকৌশলী প্রিয়তোষ নন্দী প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। তিনি ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণ লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে কিভাবে পরিবারে সচ্ছলতা আনা যায় এ বিষয়ে আলোকপাত করেন। কর্মশালায় বক্তরা সম্প্রতি কিছু এনজিও নামধারী প্রতারক প্রতিষ্ঠান কর্তৃক দেশের দরিদ্র মানুষের অর্থ আত্মসাতের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। এ ব্যাপারে সদস্যদের আরো সচেতন হওয়ার পরামর্শ দেয়া হয়। কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক পরিমল কাম্বির পাল, মো. মানিক, রূপম মুহুরী, ফারহানা কাদের প্রমুখ।